গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.motj.gov.bd

নং-২৪.০৯.০০০০.২০৭.১৫.২৬৫ (১).১৩/৩৯৮

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত জাতীয় দৈনিক পত্রিকায় সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ প্রসংগে।

সূত্রঃ জেডিপিসি-এর স্মারক নং-২৪.০৯.০০০০.০০০.০০০.১২০.১৬.৪৭০, তারিখঃ২৪-০৪-২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর ০৪টি শূন্য পদ যথা- (১) নির্বাহী পরিচালক (২) পরিচালক (ডিজাইন এন্ড ফ্যাশন) (৩) টেকনলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ (৪) কম্পিউটার এবং ডাটা ব্যাংক অপারেটর এর সরাসরি নিয়োগের জন্য পত্রিকায় প্রকাশিতব্য সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি অত্র সাথে প্রেরণ করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তির দৈনিক জনকণ্ঠ ও The Financial Express পত্রিকায় আগামী ০৯-০৯-২০১৬ তারিখের মধ্যে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এতদসংক্রান্ত ব্যয়ভার জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) হতে নির্বাহ করতে হবে।

সংযুক্তিঃ (১) নিয়োগ বিজ্ঞপ্তি;
(২) চাকুরীর আবেদন ফরম;

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোন-৯৫৪০৬৪৭
E-mail: jute2.motj@gmail.com

নির্বাহী পরিচালক
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। যুগ্ম-সচিব (প্রশাসন) ও সদস্য সচিব, নিয়োগ কমিটি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ, জেডিপিসি, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা। (ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

নং-২৪.০৯.০০০০.২০৭.১৫.২৬৫ (১).১৩/ ৩২৭

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিষ্টাব্দ

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১। | নির্বাহী পরিচালক<br>বেতনঃ সর্বসাকুল্যে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা | ০১টি | ১। দেশের অথবা বিদেশের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রি, পিএইচ.ডি ধারী অগ্রাধিকার। সরকারী/আধাসরকারী/ প্রতিষ্ঠানে-এ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। তন্মধ্যে কোন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পদে কমপক্ষে ০৩ বছরেরর অভিজ্ঞতা;<br>২। দেশী/বিদেশী জার্নালে ৩-৫টি গবেষণা প্রকাশনা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হবে;<br>৩। বহুমুখী পাটপণ্য উৎপাদন ও সম্প্রসারণের কারিগরী জ্ঞান এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও ব্যবস্থাপনায় দক্ষতা থাকতে হবে;<br>৪। বয়স ৫৫-৬২ বছর। |
| ০২। | পরিচালক (ডিজাইন এন্ড ফ্যাশন)<br>বেতনঃ সর্বসাকুল্যে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা | ০১টি | ১। বহুমুখী পাটপণ্যের ডিজাইন, ফ্যাশন এবং পণ্য উন্নয়ন সংশ্লিষ্ট বিষয়ে দেশে অথবা বিদেশে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রী, পিএইচ.ডি ধারীদের অগ্রাধিকার;<br>২। বহুমুখী পাটপণ্য ফ্যাশন ইনফিউশন (infusion) এর উন্নয়ন, বিশেষ করে টেক্সটাইলস্ এবং নন-টেক্সটাইল পণ্যের ক্ষেত্রে ১৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>৩। বয়স ৪৫-৫৫ বছর। |
| ০৩। | টেকনলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ<br>মূল বেতনঃ ২৯,০০০/- (উনত্রিশ হাজার) টাকা | ০১টি | ১। দেশ-বিদেশের যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান/প্রযুক্তি বিষয়ে স্নাতক ডিগ্রি। গবেষণা/শিল্প প্রতিষ্ঠানে এবং আইটি সেক্টরে কমপক্ষে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;<br>২। বয়স ২৫-৪০ বছর। |
| ০৪। | কম্পিউটার এবং ডাটা ব্যাংক অপারেটর<br>মূল বেতনঃ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা | ০১টি | ১। দেশ-বিদেশের যে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার সাইন্সে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;<br>২। বয়স সর্বোচ্চ ৩৫ বছর। |

**শর্তাবলীঃ**

(১) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.motj.gov.bd/jdpc.gov.bd) হতে নির্ধারিত ছক ডাউনলোড করে আবেদন করতে হবে।
(২) আগামী ২৫ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের মধ্যে অফিস চলাকালে ডাক যোগে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে;
(৩) আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫X৫ সেঃমিঃ আকারের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা পরিচয়পত্র ও চারিত্রিক সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করেতে হবে;
(৪) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত/একই খামে একাধিক আবেদন/আবেদনপত্রে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে;
(৫) খামের উপর আবেদকৃত পদের নাম উল্লেখ করতে হবে;
(৬) উপরোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে সরকারী আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে;
(৭) আবেদন পত্রের সাথে ক্রমিক ১ ও ২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৩ ও ৪ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার এর অনুকূলে দাখিল করতে হবে;
(৮) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের নিয়োগ প্রদান বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
(৯) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;
(১০) এ নিয়োগ বিজ্ঞাপ্তি www.motj.gov.bd এবং www.jdpc.gov.bd এ পাওয়া যাবে।

(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব

৫x সে. মি.
ছবি
(সম্প্রতি তোলা ,
দুই কপি)

# চাকরির আবেদন ফরম

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: |
| | | ইংরেজিতে ( বড় অক্ষরে ): |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | |
| ৫. | জন্ম তারিখ: | ৬. জন্মস্থান (জেলা): |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতার নাম: | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক ( নাম/নম্বর): | | |
| | গ্রাম/ পাড়া/ মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড/সিটি কর্পোরেশন: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই- মেইল : | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | পাসের সন | বোর্ড / বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা ( যদি থাকে ): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ): | | | |
| ১৯. | কোটা (টিক চিহ্ন দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম / শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পোস্টাল অর্ডার/পে-অর্ডার নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব ।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |
| | | | | | | | | | |